

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট  
ত্রাণ ও পুনর্বাসন শাখা  
www.sylhet.gov.bd

স্মারক নম্বর : ৫১.০১.৯১০০.০০০.৯৬.০০৩.২৪. ২৮২

তারিখ: ০৬ বৈশাখ ১৪৩৩  
২১ এপ্রিল ২০২৬

বিষয়: বজ্রপাতের ঝুঁকি নিরসনে জনসচেতনতা বৃদ্ধি কার্যক্রম।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং: ৫১.০১.০০০০.০৩২.৩৮.০১৩.১৯.১১

তারিখ: ১৫/০৪/২০২৬খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে সাম্প্রতিক বছরগুলোতে বজ্রপাতের প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। সরকার ২০১৬ সালে বজ্রপাতকে দুর্যোগ হিসেবে ঘোষণা করেছেন। বিগত বছরগুলোতে বজ্রপাতে কমবেশি ৩০০ থেকে ৪০০ জন মানুষের মৃত্যু হয়েছে এবং এ ধারাবাহিকতা চলমান রয়েছে। জনসচেতনতা বৃদ্ধিই বজ্রপাতে দুর্যোগ ঝুঁকিহাসে অন্যতম কার্যকরী পন্থা। দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি-২০১৯ (SOD) এর "ফোকাল পয়েন্ট অপারেশনাল কো-অর্ডিনেশন গ্রুপ (FPOCG)" এর সভার সিদ্ধান্তের আলোকে এ জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রীদের পাঠদানের সময়ে বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সতর্কীকরণ জরুরি বার্তা প্রচারের সুপারিশ করা হয়েছে। সর্বসাধারণের জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রতিটি মসজিদে প্রতি শুক্রেবার জুম্মার নামাজের পূর্বে সুবিধাজনক সময়ে বজ্রপাতে করণীয় বিষয়ক সতর্ক বার্তা প্রচারের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক। এছাড়া অন্যান্য ধর্মীয় উপাসনালয়েও সুবিধাজনক সময়ে একই ধরনের সতর্কীকরণ বার্তা প্রচারের ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে সতর্কীকরণ বার্তা প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: সতর্কীকরণ বার্তা ১ (এক) পাতা।

মোঃ আব্দুল কুদ্দুস কুলবুল  
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
সিলেট

☎ ০২৯৯৬৬৮৭১৩৬

Email: [drrosylhet@gmail.com](mailto:drrosylhet@gmail.com)

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট

স্মারক নম্বর : ৫১.০১.৯১০০.০০০.৯৬.০০৩.২৪. ২৮২

তারিখ: ০৬ বৈশাখ ১৪৩৩  
২১ এপ্রিল ২০২৬

অনুলিপি: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা;
- ২। বিভাগীয় কমিশনার, সিলেট;
- ৩। পরিচালক (পরিবহন ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা;
- ৪। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সিলেট;
- ৫। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট;
- ৬। জেলা শিক্ষা অফিসার, সিলেট;
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট;
- ৮। প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), সিলেট;
- ৯। প্রশাসক, পৌরসভা (সকল), সিলেট;



## বজ্রবৃষ্টি ও বজ্রপাত যা জানা প্রয়োজন

### মনে রাখবেন

১. এপ্রিল-জুন মাসে বজ্রপাত বেশি হয়;
২. বজ্রপাত সাধারণত ৩০-৪৫ মিনিট স্থায়ী হয়। এ সময়টুকু ঘরে অবস্থান করতে হবে;
৩. ঘনকালো মেঘ দেখলে সমুদ্র, নদী, পুকুর, ডোবা বা জলাশয় থেকে দূরে থাকতে হবে;
৪. প্রতিটি বাড়িতে/ভবনে বজ্র নিরোধক দস্ত স্থাপন নিশ্চিত করতে হবে।

### বজ্রপাতের সময় নিরাপদ থাকতে করণীয়:

#### ঘরের ভিতর

১. বাড়ির ধাতব দরজা-জানালা, সিঁড়ির রেলিং, পানিকল, পাইপ ইত্যাদি ধরবেন না এবং জানালার কাছাকাছি ও বারান্দায় থাকবেন না; অবশ্যই জানালা বন্ধ রাখুন।
২. বৈদ্যুতিক সংযোগযুক্ত সকল উপকরণ (টিভি, ফ্রিজ, কম্পিউটার, ল্যান্ড ফোনসহ অন্যান্য উপকরণ) ধরা থেকে বিরত থাকুন এবং বাড়িতে যদি পর্যাপ্ত নিরাপত্তামূলক ব্যবস্থা না থাকে, তাহলে সবাই এক কক্ষে না থেকে আলাদা আলাদা কক্ষে অবস্থান করুন;
৩. বর্ণা/বাথটাবে গোসল করবেন না। ঘরের মেঝেতে শুয়ে পড়বেন না বা শুয়ে থাকবেন না।

#### ঘরের বাইরে

১. যত দূত সম্ভব দালান বা পাকা ভবনের নিচে আশ্রয় নিন। টিনের চালার ঘর যথাসম্ভব এড়িয়ে চলুন;
২. উঁচু গাছপালা, খোলা স্থানে, বিচ্ছিন্ন যাত্রী ছাউনি, বিদ্যুতের লাইন বা বিদ্যুতের খুঁটি, মোবাইল টাওয়ার প্রভৃতি থেকে দূরে থাকুন;
৩. সীতার কাটা, খোলা মাঠে খেলাধুলা করা, ছাউনি বিহীন নোকায় ভ্রমণ থেকে বিরত থাকুন;
৪. সমুদ্র বা নদীতে থাকলে মাছ ধরা বন্ধ রেখে নৌকার ছাউনির নিচে অবস্থান করুন;
৫. মাটর সাইকেল, বাই সাইকেল, বা খোলা কোন যানবাহনে ভ্রমণ করবেন না। বাস, মোটরগাড়ি বা লঞ্চে থাকলে ধাতব অংশ ধরা থেকে বিরত থাকুন;
৬. খোলা স্থানে অনেকে একত্রে থাকলে পরস্পর থেকে অন্তত ৫০ থেকে ১০০ ফুট দূরে সরে যান;
৭. ধানক্ষেত বা খোলা মাঠে থাকলে তাড়াতাড়ি কানে আঙুল দিয়ে পায়ের আঙুলের উপর ভর দিয়ে নিচু হয়ে বসুন;
৮. বজ্রপাতে আহত ব্যক্তিকে বৈদ্যুতিক শকের প্রাথমিক চিকিৎসা সেবা দিন ও প্রয়োজনে হাসপাতালে প্রেরণ করুন। বজ্রাহত ব্যক্তির শ্বাস-প্রশ্বাস ও হৃদস্পন্দন ফিরিয়ে আনার চেষ্টা করুন।

যেকোন মোবাইল ফোন থেকে ১০৯০ চেপে জরুরি আবহাওয়া বার্তা জেনে নিন  
বজ্রপাত শেষ হবার পর অন্তত ৩০ মিনিট নিরাপদ আশ্রয়ে থাকুন

প্রচারে: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়